

নম্বর ২৩.০০.০০০০.০৪০.১৩.২৭৩.১৬.৬৮

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২২
৮ মার্চ ২০১৬


প্রজ্ঞাপন

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম খান-এর এসএসসি সনদপত্র অনুযায়ী তাঁর জন্ম তারিখ ৩১ মার্চ ১৯৫৭। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২৬ ডিসেম্বর ২০১১ তারিখের 'Public Servants (Retirement) Act, 1974'-এর সংশোধনী 'Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011' অনুসারে আগামী ৩০ মার্চ ২০১৬ তারিখে তাঁর বয়স ৫৯(উনষাট) বৎসর পূর্ণ হবে বিধায় উক্ত তারিখে অবসর গ্রহণসহ আগামী ৩১ মার্চ ২০১৬ থেকে ৩০ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ১২(বার) মাস পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হল।

২। সংশ্লিষ্ট ছুটির বিধি-বিধান এবং ছুটির প্রাপ্যতা অনুসারে অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী অনধিক ১৮(আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮(আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ তিনি এককালীন (থোক) প্রাপ্য হবেন। ছুটি ভোগ শেষে তিনি ৩১ মার্চ ২০১৭ তারিখ থেকে পূর্ণ অবসর ভাতাসহ সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণ করবেন এবং একই তারিখ থেকে তিনি অবসরভোগী হিসেবে তালিকাভুক্ত হবেন।

৩। তিনি বিধি অনুযায়ী অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে



নাসিম বানু

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯১৪১৫৭১


E-mail: sec4@mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৪০.১৩.২৭৩.১৬.৬৮

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২২
৮ মার্চ ২০১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ২। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পুরানা পল্টন ২২, এইচবিএফসি ভবন, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। জনাব মোঃ সাইফুল ইসলাম খান, সহকারী পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা



নাসিম বানু
সিনিয়র সহকারী সচিব